রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১৫, ২০২৬

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ মাঘ ১৪৩২/১৫ জানুয়ারি ২০২৬

নং **১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৪৪**—যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের (অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত) অনুচ্ছেদ ৬৫ এর অধীন সংসদ গঠন করিবার লক্ষ্যে সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠান করা প্রয়োজন;

সেহেতু, মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক **Civil Petition for Leave to Appeal No.190 of 2026** এ ১৫ জানুয়ারি ২০২৬ তারিখে প্রদত্ত আদেশের প্রেক্ষিতে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে, জাতীয় সংসদ গঠন করিবার উদ্দেশ্যে ৬৮ পাবনা-১ এবং ৬৯ পাবনা-২ নির্বাচনি এলাকা হইতে একজন সদস্য নির্বাচনের জন্য ভোটারগণকে আহবান জানাইয়া বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক ইতিপূর্বে প্রকাশিত ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের প্রজ্ঞাপন নম্বর ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৯.২৫-৩৬৭ এর সংশ্লিষ্ট অংশটুকু বাতিল পূর্বক অত্র প্রজ্ঞাপনের মাধ্যমে উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করা হইল:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৪ মাঘ ১৪৩২<br>১৮ জানুয়ারি ২০২৬ | রবিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৫ মাঘ ১৪৩২<br>১৯ জানুয়ারি ২০২৬ | সোমবার |
| মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়েরের তারিখ | : | ০৬—১০ মাঘ ১৪৩২<br>২০—২৪ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার-শনিবার |
| আপিল নিস্পত্তির তারিখ | : | ১১ মাঘ ১৪৩২<br>২৫ জানুয়ারি ২০২৬ | রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১২ মাঘ ১৪৩২<br>২৬ জানুয়ারি ২০২৬ | সোমবার |
| প্রতীক বরাদ্দের তারিখ | : | ১৩ মাঘ ১৪৩২<br>২৭ জানুয়ারি ২০২৬ | মঙ্গলবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **২৯ মাঘ ১৪৩২**<br>**১২ ফেব্রুয়ারি ২০২৬** | **বৃহস্পতিবার** |

আগামী ২৯ মাঘ ১৪৩২/১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ, বৃহস্পতিবার, **সকাল ৭:৩০ ঘটিকা হইতে বিকাল ৪:৩০ ঘটিকা** পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হইবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd